

সালে এলে...  
ওঠেনি। প্রাক-স্বাধীন ভারতের সেই ধনতান্ত্রিক বাচের...  
আগেই পরিকল্পনার যুগ শুরু হল এদেশে। দেশের অর্থনৈতিক পরিকল্পনার কর্মসূচি রূপায়ণে দুই  
\* বিশিষ্ট অর্থনীতিবিদ স্যার রয় হ্যারড এবং অধ্যাপক ইভসি ডোমারের রচিত মডেলকে অনুসরণ  
করা হয়। এই মডেলে দেশের অর্থনৈতিক প্রসারে সঞ্চয়ের হার বাড়ানোর সাথে সাথে গড় মূলধন  
উৎপনের অনুপাত কমানোর কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছিল।

প্রথম পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সমূহ : ভারতের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু  
হয়েছিল জটিল আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতির সময়কালে। যুদ্ধ ও দেশ বিভাগের  
পরে এদেশের উদ্ভূত সমস্যাগুলি হল — অর্থনৈতিক ভারসাম্যহীনতা, প্রয়োজনীয় খাদ্যবস্তুর  
অভাব ও মুদ্রাস্ফীতির ব্যাপকতা। অর্থনৈতিক অনগ্রসরতার উপর এই উদ্ভূত সমস্যাগুলি গোদের  
উপরে বিষফোঁড়া হয়ে দাঁড়িয়েছিল। সুতরাং, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অর্থনৈতিক অনগ্রসরতার  
সাথে সাথে উদ্ভূত সমস্যাগুলির সমাধানের উদ্দেশ্য অনুসৃত হয় এবং নির্দিষ্ট কতকগুলি লক্ষ্যমাত্রা  
স্থিরীকৃত হয়।

প্রথম পরিকল্পনার উদ্দেশ্যগুলি হল :-

- (১) কৃষির উপর অধিক গুরুত্ব আরোপ করে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি করা — যাতে খাদ্য ও প্রয়োজনীয় কাঁচামালের অভাব পূরণ করা যায়; (২) দামস্বীতির সমস্যা সমাধান; (৩) দেশ বিভাগের কারণে সৃষ্ট উদ্বাস্তুদের পুনর্বাসন; (৪) অত্যাবশ্যিক পরিকাঠামোর উন্নয়ন;
- (৫) জাতীয় আয় ও মাথাপিছু আয় বৃদ্ধির গতি ত্বরান্বিত করে জীবনব্যাপার মানোন্নয়ন;
- (৬) সংবিধানের নির্দেশমূলক নীতির অনুসরণে আর্থিক বৈষম্য দূরীকরণ।

**লক্ষ্যমাত্রাসমূহ :** এদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের তাগিদে জাতীয় আয় ও মাথাপিছু আয় বৃদ্ধির চিন্তাভাবনা করা হয়। পরিকল্পনায় জাতীয় আয় বৃদ্ধির হার বার্ষিক ২.১ শতাংশে স্থিরীকৃত হয় — অর্থাৎ, ১৯৫১ সালে প্রায় ৯,০০০ কোটি টাকা থেকে ১৯৫৬ সালে তা প্রায় ১০,০০০ কোটি টাকায় পৌঁছানোর অভিপ্রায় করা হয়। পরিকল্পনার পাঁচ বছরের সময়ে মাথাপিছু আয় বৃদ্ধির বার্ষিক হারটি ০.৯ শতাংশে স্থির করা হয়। এই সময়ে জনসংখ্যা বৃদ্ধির হার বার্ষিক ১.২৫ শতাংশে সীমাবদ্ধ থাকবে বলে অনুমান করা হয়। এই পরিকল্পনায় কৃষি ও শিল্পের উৎপাদন বৃদ্ধির হার ধরা হয়েছিল যথাক্রমে ২.৪ শতাংশ ও ৬ শতাংশ। বার্ষিক ২.১ শতাংশ হারে জাতীয় আয় বৃদ্ধির দৃষ্টিভঙ্গিতে নতুন মূলধন বিনিয়োগ ও বর্ধিত উৎপাদনের মধ্যে অনুপাতটি ধরা হয়েছিল ৩ : ১।

**পরিকল্পনার ব্যয়বরাদ্দ ও ব্যয়সংস্থান :** ভারতের পরিকল্পনার যুগে সমস্ত পরিকল্পনার ব্যয় পরিকল্পনার আয়তন ছিল সর্বকনিষ্ঠ। এই